মুজিবনগরে গুড নেইবারস এর শিশু অধিকার বিষয়ক প্রচারাভিযান

“শিশু অধিকার জানি, অন্যকে জানাই” এই প্রতিপাদ্যে শিশু অধিকার রক্ষায় গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়েছে এবং দুই শিশুকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির উদ্যোগে এই বিশেষ প্রচারাভিযান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের মূল লক্ষ্য ছিল শিশুদের অধিকার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা এবং ঝুঁকিপূর্ণ ও সুবিধাবঞ্চিত শিশুদের পাশে দাঁড়ানো।

এই প্রচারাভিযানের মাধ্যমে স্থানীয় তরুণ-তরুণীরা কমিউনিটির মানুষের মাঝে শিশু অধিকার বিষয়ে সচেতনতা তৈরিতে ভূমিকা রাখে এবং সম্মিলিত উদ্যোগে দুই শিশুকে আর্থিক সহায়তা প্রদান করে। এদের মধ্যে একজন জটিল কানের পলিপেক্টরি (আরটি) এবং কানের সংক্রমণে ভুগছে, অন্যজন ফিমারের উভয় মাথার ফ্র্যাকচার ও হিপ জয়েন্টের শক্ততায় আক্রান্ত। সহায়তা প্রদানের মাধ্যমে তাদের চিকিৎসা ও অধিকার রক্ষায় সরাসরি অবদান রাখা হয়।

অনুষ্ঠানে শিশু অধিকার, শিক্ষা, স্বাস্থ্য, বাল্যবিবাহ প্রতিরোধ, শিশুশ্রমের নেতিবাচক প্রভাবসহ বিভিন্ন বিষয়ে সচেতনতা তৈরিতে স্বেচ্ছাসেবকদের অংশগ্রহণে নাটিকা ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রায় ১৫০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।
গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান, বিদ্যুৎ বিহারী নাথ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মেহেরপুর, উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মামুন উদ্দিন আল আজাদ, সিডিসি সভাপতি জহিরুল ইসলাম।

এছাড়াও গুড নেইবারস বাংলাদেশ হেড অফিস থেকে উপস্থিত ছিলেন মি. তুষার লিও ত্রুজ (টিম ম্যানেজার, গ্রান্ট রাইটিং টিম)।

গুড নেইবারস বাংলাদেশ, মেহেরপুর সিডিপির ম্যানেজার বিপুল রেমা বলেন, গুড নেইবারস বাংলাদেশ বিশ্বাস করে স্থানীয় উদ্যোগ ও তরুণদের সক্রিয় অংশগ্রহণই শিশু অধিকার সুরক্ষায় টেকসই পরিবর্তন আনতে পারে।

উল্লেখ্য, গুড নেইবারস বাংলাদেশ ১৯৯৬ সাল থেকে শিশু অধিকার সুরক্ষা, শিশু উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও যুব উন্নয়নের লক্ষ্যে কাজ করছে। বর্তমানে প্রতিষ্ঠানটি ১৩টি জেলায় ১৭টি প্রকল্প পরিচালনার মাধ্যমে কমিউনিটির উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে।

জনগণের ভোটের অধিকার রক্ষায় আপসহীন থাকবে প্রশাসন

ড. সৈয়দ এনামুল কবির বলেন, “নির্বাচনে ভোটারের স্বাধীনতা ও নিরাপত্তা নিশ্চিত করতে প্রশাসন সর্বোচ্চ সতর্ক আছে। কোনো অনিয়ম, প্রভাব বা চাপ সৃষ্টির চেষ্টা বরদাশত করা হবে না। শান্তিপূর্ণ পরিবেশে সবাই যেন নির্বিঘ্নে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন—এটাই আমাদের অঙ্গীকার।”

মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে আজ সকাল ১১টায় উপজেলা হল রুম কর্মকর্তাবৃন্দ ও সুধীজনদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মেহেরপুর জেলার নবযোগদানকৃত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. সৈয়দ এনামুল কবির এসকল কথা বলেন।

তিনি আরও বলেন, মেহেরপুরের মানুষ শান্তিপ্রিয়। মানুষের কল্যাণে প্রশাসন সর্বোচ্চ দায়িত্বশীলভাবে কাজ করে যাবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খায়রুল ইসলাম। সভাপতিত্ব বক্তব্য তিনি বলেন, “বাল্যবিবাহ ও মাদক নির্মূলে প্রশাসন ধারাবাহিকভাবে কাজ করছে।

পাশাপাশি শীতের শুরু থেকেই অসহায় ও গরীব মানুষের মাঝে কম্বল বিতরণ চলছে। সমাজের দুর্বল শ্রেণির মানুষের যেন কোনো কষ্ট না হয় সেদিকে সর্বোচ্চ নজর রাখা হচ্ছে।”

এছাড়াও সভায় উপজেলা প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা, জনপ্রতিনিধি ও সুধীজন উপস্থিত ছিলেন।

মেহেরপুর সরকারি কলেজে নবীন বরণ ও সাংস্কৃতিক উৎসব

রঙিন সাজ, আনন্দ উল্লাস আর মধুর আবহে অনুষ্ঠিত হলো ঐতিহ্যবাহী মেহেরপুর সরকারি কলেজের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নবীন বরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

নবীণবরন উপলক্ষে আজ বৃহস্পতিবার কলেজ ক্যাম্পাসজুড়ে সকাল থেকেই ছিল উৎসবের আমেজ-রঙিন ব্যানার, ফুলের মালা। এসময় নবীন-প্রবীণের উপস্থিতিতে মুখরিত হয়ে ওঠে পুরো পরিবেশ।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, প্রধান উপদেষ্টার একান্ত সহকারী (ঐকমত্য) ও সাংবাদিক মনির হায়দার। তিনি নবীন শিক্ষার্থীদের উদ্দেশে বলেন-‘নতুন পথচলা শুধু বইয়ের জ্ঞান নয়, মানুষের মতো মানুষ হয়ে ওঠারও পথ দেখায় কলেজ জীবন। স্বপ্ন বড় হবে, পথ চলা হোক আলোকিত।’

কলেজের অধ্যক্ষ এ কে এম নজরুল কবীরের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল ইসলাম, মেহেরপুর জেলা শিক্ষক পরিষদের সম্পাদক খেজমত আলী মালিথা।

অতিথিরা বলেন, তারা নতুন শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে শিক্ষার মানোন্নয়ন, শৃঙ্খলা ও মানবিক মূল্যবোধে বড় হয়ে ওঠার আহ্বান জানান। এছাড়া কো-কারিকোলাম অ্যাক্টিভিটিস, সামাজিক কার্যক্রমসহ মানবিক মূল্যবোধ সৃষ্টির মধ্য দিয়ে কলেজকে বিশ্বের বুকে তুলে

ধরার পাশাপাশি একটি মানবিক সমাজ গঠন করার আহ্বান জানান।

নবীনদের পক্ষ থেকে বক্তব্য দেন একাদশ শ্রেণির মানবিক বিভাগের ছাত্র বিধান শেখ এবং দ্বাদশ শ্রেণির ছাত্র উলফাতুন নেছা পূর্ণিমা।

অনুষ্ঠানের সবচেয়ে আকর্ষণীয় মুহূর্ত ছিল ফুল ছিটিয়ে নবীনদের বরণ করে নেওয়া। প্রবীণ শিক্ষার্থীরা হাতে রঙিন পাপড়ি ছিটিয়ে নবীনদের স্বাগত জানালে ক্যাম্পাসজুড়ে তৈরি হয় উৎসবমুখর এক আবহ।

পরে মনোমুগ্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানে গান, নৃত্য, কবিতা আর নাট্য পরিবেশনায় মাতিয়ে রাখেন কলেজের শিক্ষার্থীরা।

মেহেরপুরে এসডিসি এনজিও’র বিরুদ্ধে গ্রাহক হয়রানির অভিযোগ

মেহেরপুরের বাড়াদী বাজারের ব্যবসায়ী রোকেয়া খাতুন সোসাইটি ডেভেলপমেন্ট কমিটি (এসডিসি) মেহেরপুর শাখার বিরুদ্ধে ঋণ প্রদানে অনিয়ম, জোরপূর্বক পণ্য বিক্রি ও প্রতারণার অভিযোগ তুলেছেন।

বিষয়টি নিয়ে তিনি সম্প্রতি মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) কাছে একটি লিখিত অভিযোগপত্র দাখিল করেছেন।

অভিযোগে রোকেয়া খাতুন উল্লেখ করেন, তিনি গত ২৩ ডিসেম্বর ২০২৩ তারিখে এসডিসি মেহেরপুর শাখা থেকে ১ লাখ ৭০ হাজার টাকা ঋণ গ্রহণ করেন। তবে ঋণ নেওয়ার শর্ত হিসেবে প্রতিষ্ঠানটির কর্মকর্তারা তাকে বাধ্যতামূলকভাবে একটি টেলিভিশন ও একটি ওয়াটার হিটার কিনতে বলেন। পণ্য দুটির মূল্য ধরা হয় ৫৪ হাজার টাকা, যা বাজারদরের তুলনায় অস্বাভাবিকভাবে বেশি বলে দাবি তার।

ঋণমূল্য ও পণ্যমূল্য মিলিয়ে তার নামেই মোট ২ লাখ ২৫ হাজার টাকা ঋণ দেখানো হয়।

রোকেয়া খাতুন অভিযোগ করেন, এসডিসির ম্যানেজার জিনারুল ইসলাম তাকে আশ্বাস দেন ঋণের টাকা সুদসহ অগ্রিম পরিশোধ করলে তাকে পুনরায় নতুন লোন দেওয়া হবে। ব্যবসায়িক প্রয়োজনে তিনি ধার-দেনা করে নির্ধারিত সময়ের আগেই ঋণের পুরো টাকা পরিশোধ করেন।

কিন্তু টাকা পরিশোধের দুই মাস অতিক্রান্ত হলেও তাকে নতুন লোন দেওয়া হয়নি। বরং বিভিন্ন অজুহাতে সময় ক্ষেপণ করা হচ্ছে বলে দাবি করেন তিনি।

এর ফলে তার ব্যবসায়িক কার্যক্রমে মারাত্মক ক্ষতির সৃষ্টি হয়েছে তিনি অভিযোগে করেছেন।

এদিকে, এ অভিযোগের ভিত্তিতে সরেজমিন এসডিসির মেহেরপুর কার্যালয়ে গিয়ে দেখা যায় প্রতিটি গ্রাহককে ঋণ দেওয়ার সময় কোন না কোন ইলেকট্রিক পণ্য জোর করে দেওয়া হচ্ছে। অফিসের একটি কক্ষ শুধুমাত্র এসকল মালামালের স্টোর হিসেবে রাখা হয়েছে।

এসডিসির মেহেরপুর শাখার ম্যানেজার জিনারুল ইসলামের কাছে ক্ষুদ্র ঋণ দেওয়ার সাথে এ ব্যবসা করার কোন অনুমতি আছে কিনা জানতে চাইলে তিনি কোন সদুত্তর দিতে পারেননি। এমনকি একদিন পর লাইসেন্স সহ কাগজপত্র মেহেরপুর প্রতিদিন অফিসে পৌছে দেওয়ার কথা দিলেও তিনি তা দেননি।

এ ব্যপারে মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খাইরুল ইসলাম বলেন, এসডিসির বিরুদ্ধে একটি অভিযোগ পেয়েছি। তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন অতিরিক্ত জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি

জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি পেয়েছেন বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের ২৫০ জন অতিরিক্ত জেলা ও দায়রা জজ। এই পদোন্নতির

তালিকায় মেহেরপুরের কৃতি সন্তান মো. মিল্টন হোসেন স্থান পেয়েছেন। তিনি অতিরিক্ত জেলা ও দায়রা জজ (গ্রেড-২) হিসেবে পদোন্নতি পেয়েছেন।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের পরামর্শক্রমে আজ বুধবার আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে। একই সঙ্গে পদোন্নতিপ্রাপ্ত বিচারকদের নতুন কর্মস্থলে পদায়নও করা হয়েছে।

পদোন্নতির পর বিচারক মো. মিল্টন হোসেনের নতুন কর্মস্থল নির্ধারণ করা হয়েছে অতিরিক্ত মহানগর দায়রা জজ, বরিশাল।

বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল

বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকেল সাড়ে চারটার দিকে শহরের শহীদ শামসুজ্জোহা পার্কে এ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

মেহেরপুর পৌর বিএনপির সাবেক সভাপতি ও সাবেক ভিপি জাহাঙ্গীর বিশ্বাসের সভাপতিত্বে দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সাবেক সংসদ সদস্য ও বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুণ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, মানুষের অধিকারের জন্য এই দেশের গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য যে নেত্রী যে নেতা দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে লড়াই করে গিয়েছেন। লড়াই হবে মানুষের গণতন্ত্র প্রতিষ্ঠার লড়াই হলো একমাত্র পথ নির্বাচনের মধ্য দিয়ে একটি গণতান্ত্রিক জাতীয়তাবাদী সরকার প্রতিষ্ঠা করার।

বেগম খালেদা জিয়া ভারতের দাসত্ব থেকে মুক্তি দেওয়ার জন্য লড়াই

করেছেন। শুধু ভারত নয় পৃথিবীর কোন দেশ বাংলাদেশের মানচিত্রকে যদি কাঁপছে ধরে তার বিরুদ্ধে রাজপথের সংগ্রামে আমরা থাকবো ইনশাল্লাহ। ভোটের চেয়েও গুরুত্বপূর্ণ বেগম খালেদা জিয়ার সোজা হয়ে দাঁড়ানো। বেগম খালেদা জিয়া যদি সোজা হয়ে দাঁড়ায় বাংলাদেশের ১৮ কোটি মানুষ ৫৬ হাজার বর্গমাইল ৬৮ হাজার গ্রামের মানুষ আবার সোজা হয়ে দাঁড়াবে।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি এ. কে. এম. খাইরুল বাশার, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবীব সোনা, জেলা তাঁতীদলের সভাপতি আব্দুল্লাহ মাস্টার বাবলু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির প্রমুখ।

এছাড়াও এসময় জেলা বিএনপির বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীসহ অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। পরে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগ মুক্তি কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

গাংনীতে কাঠাল গাছের সাথে ধাক্কা, প্রাণ গেলো মটরসাইকেল আরোহীর

মেহেরপুরের গাংনীতে কাঠাল গাছের সাথে মোটরসাইকেলের ধাক্কায় রানা আহম্মেদ (১৭) নামের এক কিশোর নিহত হয়েছে।

আজ বুধবার দুপুরে সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে এ দূর্ঘটনাটি ঘটে। নিহত রানা আহম্মেদ বামন্দী ইউনিয়নের নিশিপুর গ্রামের হামিদুল ইসলামের ছেলে।

স্থানীয়রা জানাান, রানা আহম্মেদ মোটর সাইকেল যোগে সাহেবনগর থেকে নিজ বাড়ি নিশিপুরে ফিরছিল। দ্রুতগতিতে আসা মোটরসাইকেলটি সাহেবনগর গ্রামের তালতলা মোড় নামক স্থানে পৌছুলে সে

মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে একটি কাঁঠাল গাছে সাথে ধাক্কা মারে। এতে দুমড়ে মুছড়ে যায় তার মোটরসাইকেলটি। এবং গুরুত্বর আহত হয় কিশোর রানা। স্থানীয়রা তাকে উদ্ধার করে চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানি ইসরাফিল বলেন, আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি, আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধিন রয়েছে।

মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের বার্ষিক দোয়া মাহফিল

মেহেরপুর কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের বার্ষিক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার সকাল ১০টায় বিদ্যালয় প্রাঙ্গণে যথাযোগ্য মর্যাদায় অনুষ্ঠিত হয়েছে।

প্রতিষ্ঠানের প্রয়াত শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও তাদের অভিভাবকদের রুহের মাগফিরাত কামনা করে এবং দেশ, জাতি ও মুসলিম উম্মাহর কল্যাণ কামনায় এ দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

বিদ্যালয়ের অধ্যক্ষ রেহেনা ইয়াসমিনের সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ।

আরও উপস্থিত ছিলেন সহকারী শিক্ষক সেলিনা আফরোজা, নাজমা আক্তার, ফাতেমা খাতুন, শাহানা আক্তার, খন্দকার বদরুদ্দোজা, রওশন আরা, শাহিনা আফরোজা, বিথী খাতুনসহ প্রতিষ্ঠানের অন্যান্য শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ। অনুষ্ঠান শেষে সবার মাঝে তবারক বিতরণ করা হয়।

মেহেরপুরের নতুন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়

মেহেরপুরের নতুন পুলিশ সুপার হিসেবে নিয়োগ পেয়েছেন উজ্জ্বল কুমার রায়।

বুধবার (২৬ নভেম্বর) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব মো. মাহবুবুর রহমানের স্বাক্ষরিত এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

প্রজ্ঞাপনে বলা হয়েছে, উজ্জ্বল কুমার রায় এর আগে ঝালোকাটি জেলা পুলিশ সুপার হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি মেহেরপুরের পুলিশ সুপার হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন। অন্যদিকে সদ্য বদলিকৃত মেহেরপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীকে পিরোজপুরের পুলিশ সুপার হিসেবে পদায়ন করা হয়েছে।

প্রজ্ঞাপনে আরো বলা হয়েছে, জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন

“দেশীয় জাত,আধুনিক প্রযুক্তি: প্রাণিসম্পদ হবে উন্নতি” এই শ্লোগানে মুজিবনগরে জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ ও প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্বোধন করা হয়েছে।

আজ বুধবার সকালে মানিকনগর বাসস্ট্যান্ড প্রাঙ্গনে দিনব্যাপী এ

প্রদর্শনীর উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় তিনি বিভিন্ন প্রাণির প্রদর্শনীর কর্ণার পরিদর্শন করেন।

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারিছুল আবিদ এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার হাফিজুর রহমান, সমাজসেবা অফিসার মাহামুদুল হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা আব্দুর রকিব, উপজেলা এলজিইডি ইন্জিনিয়ার মোহাম্মদ ইমদাদুল হক, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি অফিসার জেসমিন সুলতানা, উপজেলা ফায়ার সার্ভিস কর্মকর্তা সেলিম রেজা, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর থানার এস আই কামরুল জিয়া।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা প্রানীসম্পদ অফিসের ভেটেনারি সার্জন সৈয়দ সাকিবুল ইসলাম। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন দেশীয় জাতের প্রাণির প্রদর্শনীর কর্নার নিয়ে মোট ৩০ টি স্টল অংশগ্রহণ করেন।

আলোচনা সভার আগে একটি বর্নাঢ্য র্যালীর মধ্যে দিয়ে জাতীয় প্রানী সপ্তাহের শুভ সূচনা করা হয়।